

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো
সোনারগাঁও জনপথ, সেক্টরঃ ১৫-১৬
দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা- ১২৩০
www.dmtcl.gov.bd

অতীত জরুরী

স্মারক নং- ৩৫.০৫.০০০০.০১৪.০২.০১৪.২৪ -৪৬০

তারিখঃ ১৭ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
৩০ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ডিএমটিসিএল এর ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট চূড়ান্তকরণ এবং ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট প্রণয়ন প্রসঙ্গে।

সূত্র: ০১। ৩৫.০৫.০০০০.০১৪.০২.০১৪.২৪-৪১২, তারিখ: ২২ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

০২। ৩৫.০৫.০০০০.০১৪.০২.০১৪.২৪-৪১৪, তারিখ: ২৭ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারক দুটির পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থ বছরের বিস্তারিত বাজেট প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরের খাতভিত্তিক চাহিদা ইতোপূর্বে বিভিন্ন দপ্তর হতে অর্থ ও হিসাব শাখায় প্রেরণ করা হয়। দপ্তরভিত্তিক চাহিদা বাজেটে অন্তর্ভুক্ত করে তা পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করা হলে দপ্তরভিত্তিক চাহিত বাজেটের ২০২৪-২৫ অর্থ বছরের ৩০ জুন, ২০২৫ এর অবশিষ্ট সময়ের জন্য প্রকৃত ব্যয়যোগ্য অর্থের পরিমাণ উল্লেখসহ পরবর্তী ২০২৫-২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রণয়নের জন্য পরিচালনা পর্ষদ কর্তৃক সদয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

এই বিষয়ে অদ্য ৩০/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় পরিচালক (অর্থ ও হিসাব) এর সভাপতিত্বে সংশ্লিষ্ট সকল দপ্তরের কর্মকর্তাগণের সাথে বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে দপ্তর ভিত্তিক চলতি ২০২৪-২৫ অর্থ বছরের ৩০ জুন, ২০২৫ তারিখ এর মধ্যে প্রকৃত ব্যয়যোগ্য অর্থের পরিমাণ নির্ধারণ করা হয়েছে। উল্লিখিত সূত্রে বর্ণিত ০১ নং পত্রের মাধ্যমে আগামী ২০২৫-২৬ অর্থ বছরের এর প্রস্তাবিত বাজেট প্রণয়ন এর জন্য সংশ্লিষ্ট দপ্তর সমূহকে অনুরোধ করা হলেও তা প্রণয়ন না করায় সভায় আলোচনা করা সম্ভব হয় নাই।

বর্ণিত অবস্থায় ২০২৪-২৫ অর্থ বছরের ৩০ জুন, ২০২৫ এর অবশিষ্ট সময়ের জন্য সভার আলোচনা মোতাবেক প্রকৃত ব্যয়যোগ্য অর্থের পরিমাণ (মন্তব্য কলামে যথাযথ যৌক্তিকতা উল্লেখসহ) এবং আগামী ২০২৫-২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রাক্কলন প্রণয়ন করে পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে আগামী ০৬/০৫/২০২৫ তারিখের মধ্যে অর্থ ও হিসাব শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


(মো: কামাল আনোয়ার)
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

বিতরণ (প্রয়োজনীয় কার্যার্থে):

০১। পরিচালক (সকল), ডিএমটিসিএল

০২। কোম্পানি সচিব (যুগ্ম সচিব), [অতিরিক্ত দায়িত্ব], ডিএমটিসিএল

০৩। মহাব্যবস্থাপক (সকল), ডিএমটিসিএল

০৪। অধ্যক্ষ এমআরটি ট্রেনিং সেন্টার, ডিএমটিসিএল

০৫। সিস্টেম এনালিস্ট, ডিএমটিসিএল

০৬। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব (উপসচিব), ডিএমটিসিএল (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৭। অফিস কপি।